25

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 06 NOV 1994 ... ...
পৃষ্ঠা ২ কলাম ৮ ......

# ২৬ ও ২৭ ডিসেম্বর কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা

গত ৩১ অক্টোবর '৯৪ বাংলাদেশ কিন্ডারগার্টেন এসোসিয়েশনের চেয়ারম্যান এ. বি. এম শামসুদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠিত কার্যনির্বাহী পরিষদের এক সভায় আগামী ২৬ ও ২৭ ডিসেম্বর '৯৪ তারিখে কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা অনুষ্ঠানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় কিন্ডারগার্টেন বৃত্তি পরীক্ষা '৯৪-এ অংশগ্রহণকারী ২য়, ৪র্থ, ৫ম ও ৮ম শ্রেণীর ছাত্রছাত্রীদের নামের তালিকা, প্রয়োজনীয় ফি ও স্কুল প্রধান কর্তৃক সত্যায়িত তিন কপি ছবি আগামী ২০ নবেম্বর '৯৪-এর মধ্যে মহাসচিব হাবিবুর রহমান, অধ্যক্ষ, সেন্ট্রাল কিন্ডারগার্টেন ও হাইস্কুল, ১৩ মধ্য বাসাবো, ঢাকা-এই ঠিকানায় জমা দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া বিগত বছরে বৃত্তিপ্রাপ্ত ছাত্রছাত্রীদের শেষ কিস্তির ও '৯৩ শিক্ষা বর্ষের ১ম কিস্তির বৃত্তির টাকা আগামী ১৫ নবেম্বর '৯৪-এর মধ্যে স্ব-স্ব স্কুল প্রধান বরাবরে পাঠিয়ে দেয়ারও সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

খবর বিজ্ঞপ্তি'র।